৪৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পুলিশ হেডকোয়ার্টার্স
ঢাকা।

অতিব জরুরী

স্মারক নং- সিএন্ডএ/বি/৭৬-২০০৩/ তারিখঃ /৪/২০০৮ খ্রিঃ

প্রতি

১. মহা-পরিচালক, র‍্যাব, র‍্যাব ফোর্সেস হেডকোয়ার্টার্স, ঢাকা।
২. এ্যাডিশনাল আইজি, এসবি/সিআইডি, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৩. রেক্টর (অরিরিক্ত আইজি),পুলিশ ষ্টাফ কলেজ, ঢাকা।
৪. পুলিশ কমিশনার ডিএমপি/সিএমপি/কেএমপি/আরএমপি/এসএমপি/বিএমপি।
৫. ডিআইজি (ট্রেনিং) বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৬. ডিআইজি, ঢাকা/রাজশাহী/বরিশাল/সিলেট/রেলওয়ে/হাইওয়ে রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৭. ডিআইজি, এপিবিএন,বাংলাদেশ পুলিশ , ঢাকা।
৮. অধ্যক্ষ, পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী।
৯. কমান্ড্যান্ট (এ্যাডিশনাল ডিআইজি), পিটিসি, টাংগাইল/নোয়াখালী/রংপুর/খুলনা।
১০. এআইজি (প্রশাসন), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
১১. এআইজি (টেলিকম/হাইওয়ে), বাংলাদেশ পুলিশ, ঢাকা।
১২. পুলিশ সুপার (রেলওয়ে সহ) ....(সকল)।
১৩. পুলিশ সুপার, হাইওয়ে (পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল), বাংলাদেশ পুলিশ, ঢাকা।
১৪. অধিনায়ক, এপিবিএন,..(সকল)।
১৫. কমান্ড্যান্ট (পুলিশ সুপার), আরআরএফ .... (সকল)।
১৬. তত্ত্বাবধায়ক , টিটিএস, মিলব্যারাক, ঢাকা।
১৭. তত্ত্বাবধায়ক, কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা।
১৮. কমান্ড্যান্ট, পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি।

বিষয় ঃ পুলিশ বিভাগের ভবন নির্মান, হস্তান্তর ও উদ্ধোধন সংক্রান্ত জারীকৃত নির্দেশনাবলী সংশোধন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং-সিএন্ডএ/বি/৭৬-২০০৩/১২৮২(১২০) তারিখ ১৭/৮/২০০৩খ্রিঃ মূলে জারীকৃত পত্রের ক্রমিক নং-৯ এ বর্ণিত ভবন ও অবকাঠামো নির্মাণ সংক্রান্তে গঠিত তদারক কমিটি নিম্নরূপ সংশোধন করতঃ পুনরায় কমিটি গঠন করার সিদ্ধান্ত গ্রহন করা হইয়াছে ঃ-

১। মহানগর পুলিশের যে সমস্ত ইউনিটে উপ-পুলিশ কমিশনার (এষ্টেট) পদমর্যাদার কর্মকর্তা আছে সে সমস্ত ক্ষেত্রে নিম্নরূপ কমিটি গঠন ঃ-

১. উপ-পুলিশ কমিশনার, (এষ্টেট)	সভাপতি
২. অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, (এষ্টেট)	সদস্য সচিব
৩. সংশ্লিষ্ট উপ-পুলিশ কমিশনার	সদস্য
৪. আরআই/ভারপ্রাপ্ত কর্মকতা/ভবন ব্যবহারকারী ইউনিট ইনচার্জ	সদস্য
৫. সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী	সদস্য

২। মহানগর পুলিশের যে সমস্ত ইউনিটে উপ-পুলিশ কমিশনার (এষ্টেট) পদমর্যাদার কর্মকর্তা নাই সে সমস্ত ক্ষেত্রে নিম্নরূপ কমিটি গঠন ঃ-

১. উপ-পুলিশ কমিশনার(সদর দপ্তর)	সভাপতি
২. এষ্টেট অফিসার/এসি(এষ্টেট)	সদস্য সচিব
৩. সংশ্লিষ্ট উপ-পুলিশ কমিশনার	সদস্য
৪. ভবন ব্যবহারকারী ইউনিট ইনচার্জ	সদস্য
৫. সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী	সদস্য

৩। র‍্যাব/পিটিসি/এপিবিএন এর ক্ষেত্রে নিম্নরুপ কমিটি গঠন ঃ-

১.	কমান্ড্যান্ট/অধিনায়ক	সভাপতি
২.	এষ্টেট অফিসার	সদস্য সচিব
৩.	ভবন ব্যবহারকারী ইউনিট ইনচার্জ	সদস্য
৪.	সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী	সদস্য
৫.	নিকটস্থ জেলা/মেট্রোপলিটন পুলিশ ইউনিটের একজন প্রতিনিধি(এএসপি এর নীচে নয়)	সদস্য

৪। জেলা/অন্যান্য পুলিশ ইউনিটের ক্ষেত্রে নিম্নরুপ কমিটি গঠন ঃ-

১.	পুলিশ সুপার/সদর দপ্তর বিভাগের দায়িত্ব প্রাপ্ত পুলিশ সুপার পদমর্যাদার কর্মকর্তা	সভাপতি
২.	অতিরিক্ত পুলিশ সুপার	সদস্য
৩.	এষ্টেট অফিসার (এএসপি এর নিচে নয়)	সদস্য সচিব
৪.	ভবন ব্যবহারকারী ইউনিট ইনচার্জ	সদস্য
৫.	সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী	সদস্য

উল্লেখ্য যে, সকল ক্ষেত্রে এলজিইডি/জেলা পরিষদ প্রকৌশল বিভাগের একজন প্রতিনিধি এবং যে সমস্ত স্থানে ই/এম বিভাগ আলাদা ভাবে কাজ করিবে সেখানে ই/এম বিভাগের নির্বাহী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলীও সদস্য হিসাবে থাকিবেন।

কমিটির কার্যপরিধি নিম্নরুপ হইবেঃ-

১. নির্মান/মেরামত প্রকল্প বাস্তবায়নকালে সময় সময় প্রকল্প পরিদর্শন করিবেন এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবেন।
২. প্রকল্প বাস্তবায়ন কালে কোন প্রকার ত্রুতি-বিচ্যুতি পরিলক্ষিত হইলে তাহা সংশোধনের বিষয়টি নিশ্চিত করিবেন।
৩. প্রকল্পে প্রাক্কলন বহির্ভূত কোন কাজ করার প্রয়োজন হইলে উক্ত কমিটি যৌথভাবে ইহার যৌক্তিকতা যাচাই পূর্বক সুপারিশ প্রনয়ন করতঃ পুলিশ হেডকোয়ার্টার্সে প্রেরন করিবেন।
৪. প্রকল্পের কাজের গুনগতমান সংক্রান্তে উক্ত কমিটি দায়ী থাকিবে।
৫. ঠিকাদারের বিল যথাসময়ে ও যথাযথভাবে পরিশোধ সংক্রান্ত বিষয়াবলী তদারকি করিবেন।

এমতাবস্থায়, আপনার জেলা/ইউনিটের সকল প্রকার নির্মাণ/মেরামত ও সংস্কার কাজ বাস্তবায়নকালে উপরোক্ত কমিটি কর্তৃক তদারকী এবং হস্তান্তরের যাবতীয় কার্যক্রম গ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

(খন্দকার গোলাম ফারুক, বিপিএম-সেবা)
এআইজি(এষ্টেট এন্ড ডেভেলপমেন্ট), বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
০১৭১৩৩৭৩৬২২

স্মারক নং- সিএন্ডএ/বি/৭৬-২০০৩/ ১০৭৩ (১৮০) তারিখঃ ২৩/৪/২০০৮ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইল ঃ-

১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২। তত্ত্বাবধায় প্রকৌশলী(উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৩। উপ-পুলিশ কমিশনার(সদর দপ্তর) ডিএমপি, ঢাকা। এই প্রসংগে তাঁহার স্মারক নং-সংস্থাপন/৫৬৬-২০০৮/৩৪২৩(সঃদঃ) তারিখ ৯/৪/২০০৮খ্রিঃ দ্রঃ।
৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ.....................................।
৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ...............................।

(খন্দকার গোলাম ফারুক, বিপিএম-সেবা)
এআইজি(এষ্টেট এন্ড ডেভেলপমেন্ট), বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পুলিশ হেড্‌কোয়ার্টার্স
ঢাকা।

ফ্যাক্স বার্তা
অতীব জরুরী

ক নং সিএন্ডএ/বি/৭৬-২০০৩/ ১২৮২ (১২০)   তারিখ ঃ ১৭/৮/২০০৩খ্রিঃ।

প্রতি,

১. এ্যাডিশনাল আইজি(এসবি/সিআইডি)বাংলাদেশ পুলিশ,ঢাকা।
২. পুলিশ কমিশনার,ডিএমপি/সিএমপি/কেএমপি/আরএমপি।
৩. প্রিন্সিপ্যাল,পুলিশ একাডেমী,সারদা,রাজশাহী।
৪. ডিআইজি,ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রেলওয়ে রেঞ্জ/এপিবিএন্‌স।
৫. কমান্ড্যান্ট,পিটিসি,টাংগাইল/নোয়াখালী/খুলনা/রংপুর।
৬. পুলিশ সুপার (..)(সকল),রেলওয়ে সহ।
৭. অধিনায়ক(পুলিশ সুপার),এপিবিএন,ঢাকা/চট্টগ্রাম/বগুড়া/খুলনা/বরিশাল/খাগড়াছড়ি/মহালছড়ি বিলাইছড়ি/বারবুনিয়া,রাংগামাটি।
৮. কমান্ড্যান্ট,আরআরএফ,ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।
৯. কমান্ড্যান্ট,পিএসটিএস,বেতবুনিয়া,রাংগামাটি।

বিষয় ঃ <u>পুলিশ বিভাগের ভবন নির্মাণ,হস্তান্তর ও উদ্বোধন সংক্রান্ত নির্দেশাবলী।</u>

উপরোক্ত বিষয়ে আদিষ্ট হইয়া অবহিত করা যাইতেছে যে গত ০৭/৮/২০০৩ তারিখে পুলিশ হেডকোয়ার্টার্স সম্মেলন কক্ষে আইজিপি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নিম্নবর্নিত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

১) পুলিশ বিভাগের যে সকল নির্মাণ সম্পন্ন ভবন/স্থাপনা ব্যবহার উপযোগী এবং উদ্বোধন যোগ্য সে সকল ভবনের তালিকা অনতিবিলম্বে পুলিশ হেডকোয়ার্টার্সে প্রেরণ করিতে হইবে।

২) পুলিশ বিভাগের যে সমস্ত ভবন/স্থাপনা যথা-থানাভবন/তদন্ত কেন্দ্র/পুলিশ ফাঁড়ী/পুলিশ ক্যাম্প/ব্যারাক ও অফিস ভবন ইত্যাদি নির্মাণ সমাপ্ত হওয়ার পর ব্যবহারের জন্য উপযোগী এবং উদ্বোধন যোগ্য সেই সমস্ত ভবন উদ্বোধন করার সিদ্ধান্ত গ্রহনের পূর্বে পুলিশ হেডকোয়ার্টার্সের অনুমতি গ্রহণ করিতে হইবে।

৩) পুলিশ বিভাগের যে সমস্ত ভবন/স্থাপনা উদ্বোধন যোগ্য (থানাভবন/তদন্ত কেন্দ্র/পুলিশ ফাঁড়ী/পুলিশ ক্যাম্প/ অফিস ও ব্যারাক ভবন ইত্যাদি) ঐ সমস্ত ভবনাদি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন এবং তাঁহার পক্ষে সম্ভব না হইলে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী/প্রতি মন্ত্রী/আইজিপি/সংশ্লিষ্ট ডিআইজিগণ কর্তৃক আনুষ্ঠানিক উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৪) পুলিশ বিভাগের ভবন/স্থাপনা নির্মাণ সম্পন্ন হওয়ার পর হস্তান্তরের পূর্বে ভবন দাপ্তরিকভাবে ব্যবহার করা যাইবে না।

৫) পুলিশের জমিতে স্থানিক নকশায় প্রদর্শিত না থাকিলে পুলিশ হেডকোয়ার্টার্সের পূর্ব অনুমতি ব্যতিরেকে ব্যারাক,মহিলা পুলিশের ব্যারাক,মসজিদ,স্কুল বা অন্য কোন স্থাপনা নির্মাণ করা যাইবে না।

৬) প্রত্যেক নির্মাণ কাজের স্থানিক/স্থাপত্য নকশা সহ প্রাক্কলনের কপি সংশ্লিষ্ট জেলা/ইউনিটে পরিদর্শনের জন্য সংরক্ষণ করিতে হইবে।

৭) অনুমোদনের জন্য প্রেরীত প্রাক্কলনে অনেক ক্ষেত্রেই স্বাভাবিকের চেয়ে মাত্রাতিরিক্ত ব্যয় ধরা হয়। ফলে একদিকে যেমন সরকারী অর্থের অপচয় হয় অন্যদিকে পুলিশ বাহিনীর অতি গুরুত্বপুর্ণ নির্মাণ/মেরামত কাজ অর্থের স্বল্পতার কারনে বাস্তবায়ন সম্ভব হয় না। পুলিশের অনেক সদস্যই ভবন/বাসস্থান নির্মাণ/মেরামতের অভাবে কষ্টের মধ্যে দিনাতিপাত করিতেছে। বিষয়টির প্রতি আপনার ব্যক্তিগত দৃষ্টি আকর্ষণ করতঃ গণপূর্ত অধিদপ্তর কর্তৃক প্রণীত প্রাক্কলন প্রেরনের পূর্বে ব্যয় অতিরিক্ত বলিয়া প্রতীয়মান হইলে প্রয়োজন বোধে সরকারী অন্য কোন নির্মাণ প্রকৌশলী সংস্থা যেমন,এলজিইডি বা জেলা পরিষদ প্রকৌশলীর মাধ্যমে প্রাক্কলন প্রস্তুত পূর্বক বাস্তবতার নিরীখে যাচাই করিয়া প্রেরন করিতে হইবে।

৮) অনুমোদিত স্থানিক নকশায় স্থান প্রদর্শিত না থাকিলে কোন নির্মাণ প্রকল্পের প্রস্তাব প্রেরণ করা যাইবে না। প্রকল্প অনুমোদনের পর পত্রিকায় বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে এবং দরপত্র গ্রহণ পর্যন্ত যে কোন ধরনের অস্বচ্ছতা দূর করার জন্য জেলা/ইউনিট প্রধানগণকে ব্যক্তিগত উদ্যোগ গ্রহণ করিতে হইবে।

৯) নির্মাণ/মেরামত কাজের শুরু থেকে যথাযথ তদারকীর অভাব,কাজের বর্ননাসহ প্রাক্কলিত মূল্য সম্পর্কে না জানা এবং নির্মাণ সংক্রান্তে যথাযথ গুরুত্ব প্রদান না করার কারনে পুলিশের ভবন ও স্থাপনা নির্মাণে প্রায়শই ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হইতেছে। উক্ত অব্যবস্থা দূরীকরনার্থে জেলা/ইউনিট এবং মেট্রোপলিটন পুলিশের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্মাণ তদারক কমিটি গঠন করা হইল ঃ-

(ক) **জেলা/ইউনিট পর্যায়ে**

পুলিশ সুপার/বিশেষ পুলিশ সুপার(প্রশাসন)/ অধিনায়ক/কমান্ড্যান্ট	চেয়ারম্যান
সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী	সদস্য
অতিরিক্ত পুলিশ সুপার	সদস্য-সচিব
সার্কেল এএসপি/এএসপি	সদস্য
সংশ্লিষ্ট এস,ডি,ই	সদস্য

(খ) **মহানগরীর পর্যায়ে**

ডিসি(হেডকোয়ার্টার্স)	চেয়ারম্যান
সংশ্লিষ্ট ডি,সি,	সদস্য
সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী	সদস্য
সংশ্লিষ্ট এ,ডি,সি/এসি	সদস্য-সচিব
সংশ্লিষ্ট এস,ডি,ই	সদস্য

উক্ত কমিটি ভবন নির্মাণ/মেরামত কালীন সময়ে কাজের গুনগতমান বজায়,অপচয় রোধ করার জন্য যথাযথ তদারক করিবেন এবং নির্মাণের পর সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট হইতে ভবন বুঝিয়া নেওয়ার পর পুলিশ সদর দপ্তরকে অবহিত করিবেন।

২৭/৮/০৩

(মোঃ শাহাব উদ্দীন কোরেশী)
এআইজি(অর্থ ও উন্নয়ন),বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স,ঢাকা।